ISO 9001 : 2015

বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লিমিটেড (বোয়েসেল)
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
'বোয়েসেল নৈতিক, নিরাপদ ও দক্ষ অভিবাসন নিশ্চিত করে'
স্থাপিত - ১৯৮৪

BOESL

**বিদেশে কর্মী নিয়োগ প্রক্রিয়ায় বোয়েসেলের কোন এজেন্ট / সাব এজেন্ট বা প্রতিনিধি নেই**

নং. ৪৯.০২.০০০০.০০০.০০০.০৪.০০০১.২৫/১২৩৯ | তারিখ: ১৩.০৫.২০২৫

# কেয়ার গিভার হিসেবে জাপান যেতে আগ্রহী প্রার্থীদের প্রাথমিক নিবন্ধন সংক্রান্ত নোটিশ

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে কেয়ারগিভার জাপানের একটি সম্ভাবনাময় শ্রমখাত এবং এই খাতে দক্ষ কর্মীর চাহিদা রয়েছে। বাংলাদেশ থেকে এই সম্ভাবনাময় শ্রমখাতে কিছু দক্ষ কেয়ার গিভার প্রেরণের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে দক্ষতা ও অভিজ্ঞতাসম্পন্ন আগ্রহী প্রার্থীদের অনলাইনে প্রাথমিক নিবন্ধনের জন্য আহ্বান করা যাচ্ছে।

**নিবন্ধনের প্রাথমিক শর্তাবলীঃ**

- প্রার্থীর Japanese Language Proficiency Test (JLPT)-N4 অথবা Japan Foundation Test for Basic Japanese (JFT-Basic) সনদ থাকতে হবে;
- প্রার্থীকে Nursing Care Skill Test (Care Giver) বিষয়ে প্রশিক্ষণ এবং Japanese Skill Test -এ উত্তীর্ণ হতে হবে;
- প্রার্থীকে নূন্যতম এস. এস. সি পাশ হতে হবে;
- প্রার্থীর বয়স ১৮-৪০ বছর হতে হবে;
- বর্ণিত শর্তাবলী পূরণ সাপেক্ষে শুধুমাত্র যোগ্য প্রার্থীদের চূড়ান্ত ইন্টারভিউতে অংশগ্রহণের সুযোগ প্রদান করা হবে;
- চূড়ান্তভাবে নির্বাচিত কর্মীদের লেবার কন্ট্রাক্ট, বেতন, ওভারটাইম, থাকা-খাওয়া, বাৎসরিক ছুটি, মেডিকেল, ইন্সুরেন্স এবং বোয়েসেল-এর সার্ভিস চার্জ সহ যাবতীয় সকল বিষয়ে তথ্য প্রদান করা হবে;
- পুরুষ এবং মহিলা উভয়েই আবেদনের যোগ্য;
- অনলাইন নিবন্ধনে Upload Personal CV- অপশনে গিয়ে প্রার্থীর সিভি, প্রশিক্ষণ সনদ, JLPT/JFT সনদ এবং Nursing Care Skill Test (Care Giver) সনদসহ সংশ্লিষ্ট সকল ডকুমেন্ট পরিষ্কারভাবে স্ক্যান করে একটি পিডিএফ ফাইলে (সর্বোচ্চ সাইজ ১ এমবি) আপলোড করতে হবে;
- প্রার্থীকে হালনাগাদ পাসপোর্টসহ ইন্টার্ভিউতে অংশগ্রহণ করতে হবে।

**অনলাইন নিবন্ধন সংক্রান্ত তথ্য:**

- আগ্রহী প্রার্থীদের জীবন বৃত্তান্ত, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও অন্যান্য তথ্যাদিসহ আগামী **২৫.০৫.২০২৫** খ্রি তারিখের মধ্যে অনলাইনে নিবন্ধন করতে হবে। চূড়ান্ত ইন্টারভিউ সংক্রান্ত তথ্য পরবর্তীতে SMS এর মাধ্যমে জানানো হবে।
- **অনলাইন নিবন্ধনের** লিংক: https://brms.boesl.gov.bd/

**বিশেষ দ্রষ্টব্যঃ অনলাইনে নিবন্ধন কোন প্রার্থীর জাপানে চাকরির নিশ্চয়তা প্রদান করে না। বোয়েসেল কর্তৃপক্ষ উক্ত নির্বাচন প্রক্রিয়া সম্পর্কিত যে কোনো সিদ্ধান্ত গ্রহণ করতে পারে। যে কোনো ধরনের সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে। দক্ষতা এবং যোগ্যতার ভিত্তিতে নৈতিক অভিবাসন নিশ্চিত করাই বোয়েসেল-এর লক্ষ্য।**

**বোয়েসেল কোন নগদ অর্থ গ্রহণ করে না বিধায় কাউকে কোন নগদ অর্থ প্রদান করবেন না**

বোয়েসেল কর্তৃপক্ষ

১৩/০৫/২৫
সমর কুমার রনি
ব্যবস্থাপক (উন্নয়ন)
অতিরিক্ত দায়িত্ব : আইটি
বোয়েসেল, ঢাকা

১৩/০৫/২০২৫
মোহাম্মদ আলম হোসেন
উপমহাব্যবস্থাপক (উন্নয়ন ও গবেষণা)
বোয়েসেল

**অফিস ঠিকানা :**
প্রবাসী কল্যাণ ভবন (৫ম তলা)
৭১-৭২ ইস্কাটন গার্ডেন
রমনা, ঢাকা-১০০০, বাংলাদেশ।

**যোগাযোগ নম্বর :**
ফোন : +৮৮ ০২-৪৮৩১৯১২৫, ০২-৪৮৩১৭৫১৫, ০২-৫৮৩১১৮৩৮
মোবাইল : ০১৭৬৫৪১১৬৫৩
ইমেইল : info@boesl.gov.bd
ওয়েব : www.boesl.gov.bd

CamScanner